

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭১৬

১/ বিবিধ

আরবী

من لبس نعلا صفراء لم يزل في سرور ما دام لابسها، وذلك قول الله عز وجل (صفراء فاقع لونها تسر الناظرين)  
موضوع

ذكره ابن أبي حاتم في " العلل " ( 2 / 319 ) فقال: رواه سهل بن عثمان العسكري عن ابن العذراء عن ابن جريج عن عطاء عن ابن عباس فذكره موقوفا عليه وقال: " قال أبي هذا حديث كذب موضوع قلت: وأقره الحافظ ابن حجر في " تخريج أحاديث الكشاف " ( ص 7 رقم 52 )

وقال السيوطي في " الدر " ( 1 / 78 ) : " أخرجه ابن أبي حاتم والطبراني والخطيب والديلمي عن ابن عباس قال: ... ". فذكره موقوفا أيضا. قلت: والآفة من ابن العذراء هذا، فقد أورده الذهبي في " فصل من عرف بأبيه " وقال: " عن ابن جريج، له حديث في

النعل الأصفر، لا شيء ". وكذا في " اللسان

ومن تساهلات ابن كثير رحمه الله في " تفسيره " أنه أورده جازما بقوله ( 1 / 110 ) : " وقال ابن جريج ... ! " وهذا مما لا يليق به، ما دام أن السند إلى ابن جريج غير ثابت لجهالة ابن العذراء هذا، واتهام الإمام أبي حاتم إياه بهذا الحديث، بل كان من الواجب على ابن كثير أن ينقل كلام الإمام كما فعل الحافظ ابن حجر رحمه الله تعالى، لكن الظاهر أنه لم يستحضره عند كتابته، والله أعلم

والحديث أورده الزمخشري في " تفسيره " بلفظ: " من لبس نعلا صفراء قل همه " .  
فقال ابن حجر في تخريجه: موقوف لم أجدّه

বাংলা

৭১৬। যে ব্যক্তি হলুদ রঙের জুতা পরিধান করবে, সে যতক্ষণ তা পরে থাকবে ততক্ষণ পর্যন্ত আনন্দে থাকবে। এটিই হচ্ছে আল্লাহর বাণী "গাঢ় হলুদ কর্ণের গাভী যা দর্শকদের চমৎকৃত করবে।"

হাদীছটি জাল।

এটিকে ইবনু আবী হাতিম “আল-ইলাল” (২/৩১৯) গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ এটি সাহাল ইবনু উছমান আল-আসকারী ইবনুল আযরা হতে তিনি ইবনু জুরায়েয হতে ... বর্ণনা করেছেন। অতঃপর বলেছেন, আমার পিতা বলেছেনঃ এ হাদীছটি মিথ্যা ও বানোয়াট।

আমি (আলবানী) বলছিঃ হাফিয ইবনু হাজার "তখরাজু আহাদীছিল কাশশাফ (পৃঃ ৭ নং ৫২) গ্রন্থে তার মন্তব্যকে সমর্থন করেছেন। সুযূতী “আদ-দুরার” (১/৭৮) গ্রন্থে বলেনঃ হাদীছটি ইবনু আবী হাতিম, তাবারানী, আল-খাতীব এবং দাইলামী ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। মওকুফ হিসাবেও বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ সমস্যা হচ্ছে বর্ণনাকারী ইবনুল আযরার মধ্যে। হাফিয যাহাবী তাকে পিতার পরিচয়ে পরিচিতি লাভকারীদের অধ্যায়ে উল্লেখ করে ইবনু জুরায়েজ হতে বর্ণিত জুতার হাদীছটি সম্পর্কে বলেছেনঃ কিছুই না। অনুরূপ কথা ইবনু হাজারের "আল-লিসান" গ্রন্থেও এসেছে।

ইবনুল আযরা মাজহুল হওয়ার কারণে আবু হাতিম তাকে মিথ্যার দোষে দোষী করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71595>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন